FEB. 1 2001

ভোরের কাগজ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

### পাঠ্যবই সংকট

# দলীয় সাংসদদের তোপের মুখে শিক্ষামন্ত্রী

স্কুল ছাত্রছাত্রীদের সময়মতো পাঠ্যবই সরবরাহে ব্যর্থতার জন্য শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক গতকাল বুধবার আওয়ামী লীগ সংসদীয় দলের সভায় দলীয় সাংসদদের তীব্র সমালোচনার মুখে পড়েন। ইউএনবি।

## দলীয় সাংসদদের

● প্রথম পাতার পর

বৈঠকের একাধিক সূত্র জানায়, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে সংসদ ভবনে অনুষ্ঠিত সংসদীয় দলের এ সভায় বেশ কিছুসংখ্যক সাংসদ নিজ নিজ এলাকায় পাঠ্যবই সরবরাহ না পাওয়ায় শিক্ষামন্ত্রীকে প্রশ্নবানে জর্জরিত করেন। নিজ দলের সাংসদদের তোপের মুখে শিক্ষামন্ত্রী বিব্রত হয়ে পড়েন এবং ফেব্রুয়ারির মধ্যে পর্যাপ্ত পাঠ্যবই বাজারে পাওয়া যাবে বলে সাংসদদের আশ্বাস দেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দলীয় সাংসদদের তৃণমূল পর্যায়ে নির্বাচনের প্রস্তুতি নেওয়ার জন্য নির্দেশ দেন। প্রধানমন্ত্রী তাদের বলেন, তাঁর সরকারের মেয়াদ পূর্তির পর যথাসময়ে নির্বাচন অনুষ্ঠিত হবে।

শেখ হাসিনা জনগণকে সঙ্গে নিয়ে চারদলীয় জোটকে রাজনৈতিকভাবে মোকাবিলা করার জন্য দলীয় সাংসদদের প্রতি আহ্বান জানান। তিনি তাদের সতর্ক করে দিয়ে বলেন যে, নির্বাচনে পরাজয় নিশ্চিত জেনে বিরোধীরা নির্বাচন বানচালের চেষ্টা করতে পারে।